DEC. 26 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৮

# বাঞ্ছারামপুরে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতা ॥ আসবাবপত্রের অভাব

বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া) থেকে সংবাদদাতা ॥ প্রয়োজনীয় আসবাবপত্র, ক্লাস রুম ও শিক্ষক স্বল্পতার কারণে উপজেলার বেশ কিছু প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পাঠ গ্রহণ ব্যাহত হচ্ছে। তাছাড়া যোগাযোগ বিচ্ছিন্নতা, অভিভাবকদের দৈন্যতা ও অসচ্ছলতার কারণে উপজেলার ১৩টি ইউনিয়নের হাজার হাজার শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত। জানা গেছে উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয় ৯২টি, বেসরকারী ২৬টি, স্যাটেলাইট প্রাথমিক বিদ্যালয় ১৪টি কমিনিটি প্রাথমিক বিদ্যালয় ১০টি। এ সব বিদ্যালয়ে সর্বমোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩৯০৫৭ জন। অভিভাবকে আর্থিক দৈন্যতার কারণে অধিকাংশ ছাত্র-ছাত্রী স্কুলে ভর্তি হলেও পরে স্কুল ছেড়ে দেয়। শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু থাকলেও এর আসল উদ্দেশ্য সফল হচ্ছে না বলে অভিজ্ঞ মহল থেকে জানা গেছে। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের সঙ্কট রয়েছে। বিভিন্ন গ্রামের অধিকাংশ প্রাথমিক বিদ্যালয় সংস্কারের অভাবে সামান্য বৃষ্টিতেই ক্লাসে পানি জমে যায় এবং জানালা ও দরজা ভাংগা থাকার কারণে ছাত্র-ছাত্রীদের বই-খাতা ভিজে যায়। আসবাবপত্রের অভাবে অনেক সময় ছাত্র-ছাত্রীরা দাঁড়িয়ে ক্লাস করে। পানিতে আর্সেনিক ও অচল নলকূপগুলো মেরামত না করায় ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকারা পানীয়-জলের জন্য দুর্ভোগ পোহাচ্ছে।